শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৫৭.১৮-১৯৯

তারিখঃ ২৭ চৈত্র ১৪২৫
১০ এপ্রিল ২০১৯

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৬৪২/২০১৮ ( রিট পিটিশন নং-১৫৪৮০/২০১৭ হতে উদ্ভূত) মামলার ১২.০৩.২০১৯ খ্রি. তারিখের আদেশের বিরুদ্ধে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল দায়েরের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে গৃহীত কার্যক্রম TMED -কে অবহিতকরণ।

সূত্র:
(১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগির স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৫৭.১৮-৭৬, তারিখ: ৩১.০১.২০১৯ খ্রি.।
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৭-৪২, তারিখ: ১২.০২.২০১৯ খ্রি.।
(৩) মহামান্য হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত কনটেম্পট পিটিশন নং-৬৪২/২০১৮ এর ১২.০৩.২০১৯ খ্রি. তারিখের আদেশ।
(৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৫৭.১৮-১৮৪, তারিখ: ০১.০৪.২০১৯ খ্রি.।
(৫) এ বিভাগের এমপিও সেলের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.৯৯.৪৩.১৮-১৩, তারিখ: ০৭.০৪.২০১৯ খ্রি.।
(৬) বিজ্ঞ কৌসুলি এস.কে সফিক মাহমুদ পুস্প কর্তৃক ০৮.০৩.১৯ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন দোহল পাড়া জনতা বহুমুখী আলিম মাদ্রাসায় এসএসসি (ভোকেশনাল) এবং আলিম স্তর/কোড পরিবর্তনের দাবী করে বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫৪৮০/২০১৭ দায়ের করা হয়।

০২। বর্ণিত রিট পিটিশন মামলার ০৩/০৭/২০১৮ খ্রি. তারিখের রায় সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ায় জরুরিভিত্তিতে আপীল দায়েরসহ রায় স্থগিতের বিষয়ে (বিষয়টির সাথে DTE ও DME জড়িত থাকায়) গৃহীত কার্যক্রম ১৭.০২.১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য সূত্র (১) মূলের মাধ্যমে অনুরোধ করা হয়।

০৩। তদপ্রেক্ষিতে উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে DME কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৪৪৬/২০১৯ দায়ের করা হয়েছে মর্মে বিজ্ঞ আইনজীবী থেকে তথ্য সংগ্রহ করে সূত্র (২) মূলের মাধ্যমে জানানো হয়।

০৪। পরবর্তীতে রিট মামলার রায় স্থগিতের জন্য চেম্বার জজ আদালতে আবেদন করা হলে চেম্বার জজ আদালত কর্তৃক ১৮.০২.২০১৯ খ্রি. তারিখের আদেশে লীভ পিটিশনটি আগামী ২০ অক্টোবর ২০১৯ তারিখে শুনানির জন্য ধার্য করা হয়। তবে রিট মামলার রায়ে (রিট পিটিশন নং-১৫৪৮/২০১৭) প্রদত্ত নির্দেশনাটি স্থগিত করা হয়নি। আদেশটি নিম্নরূপ:

Let the leave petition be posted for hearing in the list on 20th October, 2019.

০৫। ইতোমধ্যে রিট মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৬৪২/২০১৮ দায়ের করা হয়। কনটেম্পট মামলার পিটিশনার আদালতে রেসপনডেন্টগণকে ব্যক্তিগত হাজিরার জন্য আবেদন করলে বর্ণিত কনটেম্পট পিটিশনের ১২.০৩.১৯ খ্রি. তারিখের শুনানিতে ব্যক্তিগত হাজিরার আবেদনটি রেকর্ডভুক্ত করে আদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে রিট পিটিশন নং-১৫৪৮০/২০১৭ মামলার ০৩.০৭.১৮ খ্রি. তারিখের রায়/আদেশ বাস্তবায়নের জন্য কনটেম্পটনর-রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা দেয়া হয়। নির্দেশনাটি নিম্নরূপ:

This is an application for personal apearance of Contemnor-respondents. Let this application be kept with the record for the time being.

In the meantime we are of the view that a remainder should be issued before taking any action against the contemnor-respondents for showing utter disregard and disobedience to this Division.

Accordingly, we directed the Contemner-Respondents to implement the aforesaid judgment and order dated 03.07.2018 passed by this Division in Writ Petition No. 15480 of 2017 within 7 (seven) days from the date of receipt of this order without any fail.

০৬। সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৪৪৬/২০১৯ মামলাটি আপীল বিভাগে আগামী ২০ অক্টোবর, ২০১৯ খ্রি. তারিখে শুনানির জন্য ধার্য থাকলেও রায় স্থগিতের কোন আদেশ পাওয়া যায়নি যা বর্তমানে বিচরাধীন রয়েছে।

০৭। এখানে উল্লেখ্য, TMED এর বিজ্ঞ কৌসুলি জনাব এস.কে সফিক মাহমুদ পুস্প ০৯.০৪.১৯ খ্রি. তারিখে সচিব মহোদয় বরাবর এক আবেদনের মাধ্যমে জানিয়েছেন যে, কনটেম্পট পিটিশন নং-৬৪২/২০১৮ মামলায় মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত ১২.০৩.১৯ খ্রি. তারিখের আদেশের (অনুচ্ছেদ '০৫' -এ বর্ণিত) বিষয়ে উক্ত আদালতে প্রতিকার পাওয়ার সুযোগের চেয়ে উক্ত আদেশের বিরুদ্ধে নতুন সিভিল পিটিশন ফর লীভ টু আপীল মামলা দায়ের করা হলে আইনগত প্রতিকার পাওয়ার সুযোগ বেশী রয়েছে।

০৮। যেহেতু বিজ্ঞ কৌসুলি জানিয়েছেন যে, কনটেম্পট পিটিশন নং-৬৪২/২০১৮ মামলার বিষয়ে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল দায়ের করা হলে অধিকতর আইনগত প্রতিকার পাওয়ার সুযোগ রয়েছে সেহেতু বিজ্ঞ কৌসুলির পরামর্শ মোতাবেক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল দায়ের করা আবশ্যক।

চলমান পৃষ্ঠা/২

০৯। এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং-৬৪২/২০১৮ (রিট পিটিশন নং-১৫৪৮০/২০১৭ হতে উদ্ভুত) মামলার ১২.০৩.২০১৯ খ্রি. তারিখের আদেশের বিরুদ্ধে আগামী ২৩.০৪.২০১৯ খ্রি. তারিখের মধ্যে কনটেম্পট মামলার আদেশ স্থগিতসহ আপীল দায়ের নিশ্চিতক্রমে (সেসাথে এ সংক্রান্ত গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট মহামান্য কনটেম্পট আদালতকে অবহিতকরণসহ) সিভিল পিটিশন (CP) নম্বর উল্লেখপূর্বক আপীল দায়ের সংক্রান্ত প্রমাণকসহ তথ্যাদি এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো। এ সাথে সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা প্রেরণ করা হলো।

সংযুক্তি: ওকালতনামা ০১ (এক) ফর্দ।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৮৬৫৮৩

জনাব এস.কে সফিক মাহমুদ পুষ্প
বিজ্ঞ কৌসুলি, চেম্বার নং-এ-৪ (৬ষ্ঠ তলা) আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স,
২০৪, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ৮৯ (পুরাতন), বিজয়নগর, ঢাকা-১০০০।

অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাক (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। উপসচিব, এমপিও সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯। অফিস কপি/মাস্টার কপি।